**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 01.05.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় অনুযায়ী নির্বাচন কমিশন, ভিভিপ্যাটের সিম্বল লোডিং ইউনিট, এসএলইউ-গুলিকে সংরক্ষিত রাখা নিয়ে নতুন কার্যবিধি জারি করেছে।

২) প্রথম ও দ্বিতীয় দফার ভোটের হার নিয়ে নির্বাচন কমিশন প্রকাশিত সর্বশেষ পরিসংখ্যানকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৩) কুনাল ঘোষকে রাজ্য সাধারণ সম্পাদক পদ থেকে সরিয়ে দিয়েছে তৃণমূল কংগ্রেস।

৪) চলতি বছরের মাধযমিক পরীক্ষার ফল বেরোবে আগামীকাল।

৫) দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শনিবার পর্যন্ত তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৪২ ডিগ্রী সেলসিয়াস।

---

সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় অনুযায়ী নির্বাচন কমিশন, ভিভিপ্যাটের সিম্বল লোডিং ইউনিট এসএলইউ-গুলিকে সংরক্ষিত রাখা নিয়ে নতুন কার্যবিধি জারি করেছে। সব মুখ্যনির্বাচনী আধিকারিককে এই কার্যবিধি মেনে এসএলইউ-গুলির পরিচালনা ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করতে বলেছে কমিশন।

উল্লেখ্য, ইভিএমে পড়া ভোটের সঙ্গে ভিভিপ্যাট বা ভোটার ভেরিফায়াবেল পেপার অডিট ট্রেইল-এর কাগজের স্লিপ একশো শতাংশ মিলিয়ে দেখার আবেদন, শীর্ষ আদালত সম্প্রতি খারিজ করে দিলেও ভিভিপ্যাটের এসএলইউ-গুলি, ফল বেরনোর পর ৪৫ দিন সংরক্ষিত রাখার নির্দেশ দেয়।

পয়লা মে বা তারপর ভিভিপ্যাটে প্রার্থীদের প্রতীক লোড করার প্রক্রিয়ায় এই সংশোধিত কার্যবিধি মেনে চলা বাধ্যতামূলক বলে জানিয়েছে কমিশন।

ভোটে ব্যবহৃত ও সংরক্ষিত এসএলইউ কন্টেনারগুলিকে গোলাপি কাগজে এমনভাবে সিল করতে হবে, যাতে সিল না ভেঙে কন্টেনার খোলা না যায়। প্রার্থী বা তার প্রতিনিধি সেই সিলে সই করবেন। এর ২৪ ঘন্টার মধ্যে জেলা নির্বাচন আধিকারিকের কাছে এসএলইউ কন্টেনারগুলি জমা দিতে হবে। আলাদা স্ট্রং রুমে রাখতে হেব সেগুলিকে।

--------------------

প্রচন্ড গরমের মধ্যেই রাজ্যে তৃতীয় ও তার পরের চার দফার লোকসভা ভোটের প্রচার চালাচ্ছেন বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারক ও প্রার্থীরা। সেই সঙ্গেই চলেছে পঞ্চম ও ষষ্ঠ দফার জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ। পঞ্চম দফায় প্রার্থীপদ দাখিলের শেষ দিন তেসরা মে শুক্রবার।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, পঞ্চম দফায় এপর্যন্ত জমা পড়েছে ৫১ টি মনোনয়ন পত্র। এই দফায় বিশে মে ভোট নেওয়া হবে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ এই সাতটি আসনে।

ষষ্ঠ দফায় ৮ টি আসনের জন্য এখনও পর্যন্ত জমা পড়েছে ১৪ টি মনোনয়ন পত্র। মনোনয়ন দাখিলের শেষ দিন ৬ ই মে। এই দফায় ২৫ শে মে ভোট নেওয়া হবে তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর আসনে।

এদিকে, তৃতীয় দফার ভোটে মোতায়েন থাকছে ৩৩৪ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে ১৪৪ কোম্পানী থাবে মালদায়। মুর্শিদাবাদ জেলায় থাকছে ১৭৮ কোম্পানী। পাশাপাশি ঐদিন কৃষ্ণনগর পুলিশ জেলাতেও ১২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হবে।

এই দফায় আগামী মঙ্গলবার ৭ ই মে ভোট নেওয়া হবে মালদা উত্তর ও দক্ষিণ এবং জঙ্গিপুর ও মুর্শিদাবাদ আসনে। পাশাপাশি ভগবানগোলা বিধানসভা কেন্দ্রে ঐদিন উপনির্বাচন। এই দুটি জেলায় অবাধ ও শান্তিপূর্ণ ভোট গ্রহণ সুনিশ্চিত করা নির্বাচন কমিশনের কাছে একটা বড় চ্যালেঞ্জ।

এদিকে, প্রথম ও দ্বিতীয় দফার ভোটের হার নিয়ে নির্বাচন কমিশন প্রকাশিত সর্বশেষ পরিসংখ্যানকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

মুর্শিদাবাদের ফারাক্কায় আজ নির্বাচনী প্রচার সভায় তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, ভোটের বর্ধিত হার নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, নাগরিকদের মন থেকে এব্যাপারে সংশয় দূর করতে হবে নির্বাচন কমিশনকেই।

বাইট

তৃণমূল নেত্রীর এই মন্তব্যের কড়া সমালোচনা করেছে বিজেপি। দলের রাজ্য মুখপাত্র তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, ভোটে নিশ্চিত হার বুঝেই এসব বলছেন মুখ্যমন্ত্রী।

বাইট

ফারাক্কার সভায় মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রের বিজেপি সরকারের আমলে দেশের শ্রমিকদের অবস্থা শোচনীয়। রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার তাদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পের ব্যবস্থা করেছে।

মুর্শিদাবাদের মাটিতে দাঁড়িয়েই মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের বিরুদ্ধে সরব হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ বহরমপুরের জনসভায় তিনি বলেন, রাজ্য সরকার কাজের ব্যবস্থা করতে না পারার কারণেই এই জেলার হাজার হাজার মানুষকে পরিযায়ী শ্রমিক হয়ে ভিনরাজ্যে যেতে হচ্ছে।

বাইট

ফারাক্কা থেকে মুখ্যমন্ত্রী যান বড়ঞাঁয়। বহরমপুরের দলীয় প্রার্থীর সমর্থনে সেখানে জনসভা করেন তিনি।

মালদা উত্তর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থীর হয়ে আজ প্রচার করেন দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। সামসির জনসভায় তিনি অভিযোগ, করেন, মালদা ও মুর্শিদাবাদের বিজেপির হাত শক্ত করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। তাঁর জন্যই বাংলায় বিজেপি বিরোধী জোট বাস্তবায়িত হতে পারে নি।

বোলপুর লোকসভার অন্তর্গত পূর্ব বর্ধমানের আউশগ্রাম বিধানসভার অভিরামপুরে বিজেপি প্রার্থীর সমর্থনে নির্বাচনী জন সভা করেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। তৃনমুল কংগ্রেসকে বালি, কয়লা, গরু, রেশন, বিদ্যা চোর বলে কটাক্ষ করেন তিনি।

-------------------

লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ে আগামী ৭ই মে যেসব কেন্দ্রে ভোট নেওয়া হবে, তার মধ্যে রয়েছে মালদা দক্ষিণ। আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

--------------------

তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদকের পদ থেকে কুণাল ঘোষকে সরিয়ে দেওয়া হলো। আজই উত্তর কলকাতায় এক অরাজনৈতিক মঞ্চে উপস্থিত হয়ে ঐ কেন্দ্রের বিজেপি প্রার্থী তাপস রায়ের উপস্থিতিতে তাঁর ভূয়সী প্রশংসা করেন তিনি। এর পরেই বিকেলে দলের তরফে বিবৃতি দিয়ে কুণাল ঘোষকে পদ থেকে সরিয়ে দেওয়ার কথা জানানো হয়। বিবৃতিতে অবশ্য বলা হয়েছে, কুণাল যে তাপসবাবুর প্রশংসা করেছেন, এটা তাঁর ব্যক্তিগত মত। এর সঙ্গে দলের কোনও সম্পর্ক নেই। সাম্প্রতিক অতীতে তাঁর একাধিক মন্তব্য কার্যত দলের নীতির পরিপন্থী। তাই এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, কুনাল ঘোষ বেশ কিছুদিন আগেই তৃণমূল কংগ্রেসের রাজ্য মুখপাত্র এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব থেকে অব্যাহতি চেয়েছিলেন। এরপর মুখপাত্রের পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হয়। এই বিষয়টির উল্লেখ করে কুনাল, আজকের বিবৃতির প্রতিক্রিয়ায় নাম না করে দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও ব্রায়ানকে কটাক্ষ করেছেন।

--------------------

রাজ্যে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে আগামীকাল। সকাল ৯টায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবে মধ্য শিক্ষা পর্ষদ। পরীক্ষার্থীরা ৯টা ৪৫ মিনিট থেকে সরাসরি পর্ষদের অফিসিয়াল

ওয়েবসাইট- wbbse.wb.gov.in ও wbresults.nic.in-এ নিজেদের ফলাফল দেখতে পারবে। এছাড়াও মোবাইল অ্যাপ Madhyamik Results 2024 থেকেও ফলাফল জানা যাবে। সকাল দশটা থেকে মার্কশিট হাতে পাবে ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, গত দোসরা ফেব্রুয়ারি শুরু হয়ে মাধ্যমিক পরীক্ষা চলে ১২ই ফব্রুয়ারি পর্যন্ত। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯ লক্ষের বেশি।

--------------------

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী শনিবার পর্যন্ত তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা আগামীকাল পর্যন্ত থাকছে ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, দুই বর্ধমান ও বীরভূমে। বাকি জেলাগুলিতে থাকছে কমলা সতর্কতা।

তবে রবিবার ২ থেকে ৩ ডিগ্রি তাপমাত্রা কমতে পারে বলে আবহাওয়া বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন,

বাইট

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা গতকালের চেয়ে এক ডিগ্রি কমে হয়েছে ৪২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা প্রায় ৭ ডিগ্রি বেশি। আজ সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে ৪ ডিগ্রি বেশি, ৩০ ডিগ্রি সেলসিয়াস।

-------------------- --------------------